

# গ্রীষ্মের ছুটি ও শনিবার নিয়ে নতুন সিদ্ধান্ত আসছে

নিজস্ব  
প্রতিবেদক

১৮ জুন, ২০২৪  
১৮:৩৩

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

শিক্ষাপ্রতিষ্ঠানে চলছে ঈদুল আজহা ও গ্রীষ্মের ছুটি। তবে শোনা যাচ্ছে শিক্ষাপ্রতিষ্ঠানে গ্রীষ্মের ছুটি কমানোর পরিকল্পনা করেছে শিক্ষা মন্ত্রণালয়। এদিকে শনিবারের সাপ্তাহিক ছুটি আবারও চালু হতে পারে বলে আভাস

দিয়েছিলেন শিক্ষামন্ত্রী। মন্ত্রণালয় সূত্র জানিয়েছে, ঈদের ছুটি শেষে আগামীকাল বুধবার বা পরদিন বৃহস্পতিবার এ নিয়ে নতুন প্রজ্ঞাপন দেওয়া হতে পারে।

শিক্ষাপঞ্জি অনুসারে, এবার পবিত্র ঈদুল আজহা ও গ্রীষ্মকালীন ছুটি শুরু হয়েছে ১৩ জুন। যা চলার কথা ২ জুলাই পর্যন্ত। তবে বেশির ভাগ শিক্ষাপ্রতিষ্ঠানে ছুটি কমিয়ে আনা হতে পারে।

অন্যদিকে আপাতত বন্ধ থাকা শনিবারের ছুটি ফের চালু হতে পারে বলে জানা গেছে।

## আরও পড়ুন



সিলেটের সব পর্যটনকেন্দ্র বন্ধ ঘোষণা

ছুটি সংক্ষিপ্ত করার পরিকল্পনার কারণ হিসেবে শিক্ষা মন্ত্রণালয় সূত্রগুলো জানিয়েছে, পাঠদানের কর্মদিবস সারা বছরব্যাপী কমেছে। এ ছাড়া শনিবারের বন্ধ পুনর্বহাল রাখার কারণে কর্মদিবস কমে যাবে। তাই গ্রীষ্মের ছুটির এক সপ্তাহ কমতে পারে। ঈদুল আজহার সরকারি ছুটির পরেই আগামী বুধ অথবা বৃহস্পতিবার এ বিষয়ে সিদ্ধান্ত আসতে পারে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পরিচালক (মাধ্যমিক) প্রফেসর সৈয়দ জাফর আলী গণমাধ্যমকে বলেছেন, গ্রীষ্মের ছুটি কমানোর বিষয়ে একটি প্রস্তাব রয়েছে। এখন কী করবে, সেই সিদ্ধান্ত শিক্ষা মন্ত্রণালয়ের।

### আরও পড়ুন



ছুটির আমেজে মেট্রো, কাল থেকে চলবে নতুন সূচিতে

এর আগে গত ১৩ জুন শিক্ষামন্ত্রী বলেছিলেন, ‘শিক্ষাপ্রতিষ্ঠান শনিবার খোলা বা বন্ধ রাখার বিষয়ে আমরা ঈদের পর সিদ্ধান্ত নেব। শনিবার এখন পর্যন্ত শিক্ষাপ্রতিষ্ঠান খোলা আছে। আমরা চেষ্টা করছি, শনিবার যে বন্ধটা আগে ছিল, তা যাতে বলবৎ রাখতে পারি।